

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

28 APRIL 2026

7:35—7:40 PM

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনের ভোট গননার প্রস্তুতি ও প্রশিক্ষন কর্মশালা অব্যাহত রয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে আজ ও আগামী বৃহস্পতিবার এবং আগামী শনিবার হাইলাকান্দির শ্রীকিষান সারদা কলেজে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

এদিকে শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের ভোট গননার কাজে যুক্ত মাইক্রো অবজারভার ও কাউন্টি সুপারভাইজার এবং কাউন্টি অ্যাসিস্টেন্টদের গতকাল জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহ এবং রবীন্দ্র সদন মহিলা কলেজে প্রশিক্ষন অনুষ্ঠিত হয়।

উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিষদ আজ সকাল সাড়ে দশটায় চলতি বছরের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফলাফল প্রকাশ করবে। ফলাফল দেখার জন্য শিক্ষার্থীদের এ এইচ এস ই সি আসাম ডট জি ও ভি ডট ইন, রিজাল্ট আসাম ডট এন আই সি ডট ইন এবং ডিজি লকার ডট জি ও ভি ডট ইন- এ লগ ইন করতে হবে।

গত ১১ই ফেব্রুয়ারী থেকে ১৬ই মার্চ পর্যন্ত অনুষ্ঠিত উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় এবছর তিন লক্ষ ৩০ হাজার ৭শ ৪৪ জন শিক্ষার্থী অবতীর্ণ হয়েছে। এরমধ্যে কলা শাখায় ২ লক্ষ ৪৭ হাজার ৮শ ৬৫ জন, বিজ্ঞান শাখায় ৬১ হাজার ৫শ ৬৮ জন এবং বাণিজ্য শাখায় ১৯ হাজার ৮শ ০৬ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিলো।

‘প্রধানমন্ত্রী জাতীয় বাল পুরস্কার-২০২৬’ এর মনোনয়ন দাখিল প্রক্রিয়া শুরু হয়েছে। পাঁচ থেকে আঠারো বছর বয়সের ছেলে-মেয়েরা এই পুরস্কারের জন্যে মনোনয়ন জমা দিতে পারবে। আগামী ৩১শে জুলাইয়ের মধ্যে মনোনয়ন পত্র জমা দিতে হবে। সমগ্র দেশে ছোট ছেলেমেয়েদের বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ সাফল্যকে স্বীকৃতি জানাতে রাষ্ট্রপতির পক্ষ থেকে প্রতি বছর এই পুরস্কার প্রদান করা হয়ে থাকে। সাহসিকতা, সমাজসেবা, পরিবেশ, ক্রীড়া, কলা-সংস্কৃতি এবং বিজ্ঞান-প্রযুক্তি ক্ষেত্রে বিশেষ পারদর্শিতা ও সাফল্য

প্রদর্শন করা শিশু-কিশোরদের এই পুরস্কার দেওয়া হয় । এ বছরের মনোনয়ন কেবলমাত্র জাতীয় পুরস্কার পোর্টালের মাধ্যমেই দাখিল করা যাবে । নিজস্ব মনোনয়ন এবং অনুমোদনও এই ক্ষেত্রে বিবেচনা করা হবে ।

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে শিলচর শহরের বিভিন্ন স্থান থেকে আই পি এল ক্রিকেটের জুয়ার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পাঁচজনকে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- পুলিশ প্রথমে একজনকে আটক করে এবং আটক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে শহরের অন্যান্য স্থান থেকে আই পি এল জুয়ার সঙ্গে যুক্ত আরো চারজনকে আটক করে । জেলার অপরাধ অনুসন্ধান শাখার অতিরিক্ত পুলিশ সুপার রজত কুমার পলের নেতৃত্বে চালানো অভিযানে আটক ব্যক্তিদের কাছ থেকে পুলিশ নগদ প্রায় ৮০ হাজার টাকা , সাতটি এনড্রয়েড মোবাইল ফোন এবং কিছু নথিপত্র বাজেয়াপ্ত করেছে । আটক ব্যক্তিদের গতকাল আদালতে প্রেরণ করা হয় ।

অতিরিক্ত পুলিশ সুপার শ্রীপল আরো জানান -----

#বাইট#

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের দেওয়া পূর্বাভাস অনুযায়ী আজ আসাম, অরুণাচল প্রদেশ এবং মেঘালয়ে প্রবল বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে । এই সময়ে আসাম ও মেঘালয়ের বিভিন্ন স্থানে ঘন্টায় ৭৫ থেকে ৮৫ কিলোমিটার বেগে বাতাস প্রবাহিত হওয়ার পাশাপাশি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । পূর্বাভাসে আরো বলা হয়েছে যে- উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

শিলচরের সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চের ব্যবস্থাপনায় প্রতিবছরের মতো এবারও ‘হৃদয়ে রবীন্দ্রনাথ চেতনায় উনিশ ’ শীর্ষক বার্ষিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এরই অংশ হিসেবে আগামী ১৭ই মে ১৯ শের মহাপথচলা অনুষ্ঠিত হবে বলে গতকাল মঞ্চের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানানো হয় । এছাড়া মাসব্যাপী চলা এই কার্যসূচীতে পথনাটক , আলোচনা সভা , সাংস্কৃতিক অনুষ্ঠান , বিভিন্ন প্রতিযোগিতা , চিত্রপ্রদর্শনী অনুষ্ঠিত হবে ।